গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌ-পরিবহন মন্ত্রণালয়

নৌ-পরিবহন অধিদপ্তর

১৪১-১৪৩ মতিঝিল বা/এ (৮ম তলা), ঢাকা-১০০০।

**STCW-2010 এবং MLC-2006 এর সংশ্লিষ্ট রেগুলেশন মোতাবেক সীফেয়ারারদের মেডিক্যাল ফিটনেস পরীক্ষা গ্রহণ এবং মেডিক্যাল ফিটনেস সার্টিফিকেট জারীর জন্য নৌপরিবহন অধিদপ্তর হতে ডাক্তার তালিকাভুক্ত করা হয়। বাংলাদেশে ILO-IMO Guidelines on the Medical Examinations of Seafarers বাস্তবায়ন এবং সীফেয়ারারদের এ সংক্রান্ত সুবিধাধি আরও সহজ, নির্ভরযোগ্য, জবাবদিহিমূলক এবং বাস্তব সম্মত করার লক্ষ্যে অংশীজনদের সমন্বয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:**

---

| | |
|---|---|
| সভাপতি | কমডোর আবু জাফর মোঃ জালাল উদ্দিন. (সি).পিসিজিএম. এনডিসি. পিএসসি. বিএন<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ০৭ নভেম্বর ২০২১ খ্রি:। |
| সভার সময় | বেলা ০২:৩০ ঘটিকা। |
| স্থান | সম্মেলন কক্ষ, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা। |
| উপস্থিতি | (অনলাইন জুম এবং স্বশরীরে) - পরিশিষ্ট "ক" |

সভাপতি সভায় উপস্থিত সকলকে এবং জুম অ্যাপসের মাধ্যমে অনলাইনে সংযুক্তদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় উপস্থিত সকলের পরিচয়পর্ব সমাপ্তে সভাপতি মহোদয় বলেন, মেরিটাইম বিশ্বে বাংলাদেশ বর্তমানে একটি শক্তিশালী মেরিটাইম দেশ হিসাবে প্রতিষ্ঠিত হয়েছে। বাংলাদেশের এই সফলতার পেছনে রয়েছে দক্ষ ও মেধাবী বাংলাদেশী জাহাজী নাবিক ও অফিসারগণ। সীফেয়ারারদের দেশী ও বিদেশী জাহাজে যোগদানের পূর্বে অন্যতম প্রধান শর্ত শারীরিকভাবে সুস্থতার ডাক্তারী সনদ। বাংলাদেশে সীফেয়ারারদের ডাক্তারী সনদ প্রদানের জন্য নৌপরিবহন অধিদপ্তর হতে ডাক্তারদের তালিকাভুক্ত করা হয়েছে। তালিকাভুক্ত ডাক্তারদের মাধ্যমে সীফেয়ারারগণ আরও সহজে জাহাজে যোগদানের জন্য ডাক্তারী সনদ গ্রহণ করতে পারবে। সভাপতি মহোদয় নৌপরিবহন অধিদপ্তর এর নটিক্যাল সার্ভেয়ার এন্ড এক্সামিনার , ক্যাপ্টেন কাজী মুহাম্মদ আহসানকে সভার আলোচ্যসূচী অনুযায়ী উপস্থাপন করার জন্য নির্দেশনা প্রদান করেন। ক্যাপ্টেন কাজী মুহাম্মদ আহসান সভাপতি মহোদয়কে ধন্যবাদ জানিয়ে বলেন, STCW-2010 এবং MLC-2006 এর সংশ্লিষ্ট রেগুলেশন মোতাবেক সীফেয়ারারদের মেডিক্যাল ফিটনেস পরীক্ষা গ্রহণ এবং মেডিক্যাল ফিটনেস সার্টিফিকেট জারীর জন্য নৌপরিবহন অধিদপ্তর হতে ডাক্তার তালিকাভুক্ত করা হয়।

২। বাংলাদেশে ILO-IMO Guidelines on the Medical Examinations of Seafarers বাস্তবায়ন এবং সীফেয়ারারদের এ সংক্রান্ত সুবিধাধি আরও সহজ, নির্ভরযোগ্য, জবাবদিহিমূলক এবং বাস্তব সম্মত করার লক্ষ্যে অংশীজনদের মতামত গ্রহনের জন্য অদ্যকার সভার আয়োজন করা হয়েছে। তিনি বলেন, সীফেয়ারারদের জাহাজে যোগদানের জন্য মেডিক্যাল ফিটনেস সনদ প্রদানের জন্য সাধারণ তিনটি বিষয়ের উপর গুরুত্বারোপ করা প্রয়োজন। প্রথমটি হলো, STCW-2010 এবং MLC-2006 এর সংশ্লিষ্ট রেগুলেশন মোতাবেক সীফেয়ারারদের মেডিক্যাল ফিটনেস পরীক্ষা গ্রহণ এবং সনদ প্রদানের মানদন্ড বজায় রাখা, দ্বিতীয় ব্যবসায়িক উদ্দেশ্যের থেকেও সেবা প্রদানের মানসিকতা এবং তৃতীয় হলো প্রক্রিয়াটি ডিজিটালাইজেশন এর মাধ্যমে আধুনিকরণ করা। আন্তজাতিক কনভেনশনসমূহ যথাযথ বাস্তবায়ন এবং সীফেয়ারারদের অনুকূলে প্রদানকৃত সেবাসমূহ আরও সহজীকরণের বিষয়ে নৌপরিবহন অধিদপ্তর সর্বদা সচেষ্ট। তিনি আরও বলেন, সীফেয়ারারদের মেডিক্যাল ফিটনেস ডিজিটালাইজেশন প্রক্রিয়ায় ওয়েবসাইটে অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করার মাধ্যমে ডাক্তারগণ মেডিক্যাল পরীক্ষা এবং সনদ প্রদান করতে পারেন। এছাড়াও সীফেয়ারারদের মেডিক্যাল পরীক্ষার রিপোর্টসমূহ অনলাইনে রাখা যেতে পারে। সভাপতি মহোদয় সভায় উপস্থিত (স্বশরীরে এবং ভাচুয়ালে) সকল ডাক্তারগণকে মতামত প্রদানের জন্য অনুরোধ জানান।

৩। এ বিষয়ে Dr. Md. Rafiqul Islam বলেন, বৃহৎ ম্যানিং এজেন্টসমূহ সীফেয়ারারদের অনেক মেডিক্যাল পরীক্ষা সম্পন্ন করালেও ছোট ম্যানিং এজেন্ট সমূহ করেন না, ফলে অনেক সময় যথাযথভাবে মেডিক্যাল সনদ প্রদান করা সম্ভব হয় না। এছাড়াও সীফেয়ারারদের খুবই স্বল্প

সময়ে জাহাজে যোগদান করতে বিধায় অতি দ্রুত মেডিক্যাল সনদ প্রদান করতে হয়। সীফেয়ারাদের আরও যথাযথভাবে মেডিক্যাল সনদ প্রদানের জন্য বিরুলোবিন, VDRL, PPHE টেস্টসমূহ করানো যেতে পারে। Dr. Habibur Rahman Khan বলেন, যথাযথভাবে মেডিক্যাল সনদ প্রদানের জন্য পূবের মেডিক্যাল হিস্টরী জানা প্রয়োজন। Dr. Mohammad Saifuddin বলেন, সীফেয়ারারদের বয়স ৪০ এর বেশী হলে Blood Sugar এবং ECG টেস্ট করানো যেতে পারে। Dr. A. T. M. Anwarul Haque বলেন, সীফেয়ারগণ খুবই স্বল্প সময়ে মেডিক্যাল ফিটনেস সনদ নিতে চায়, ডিজিটাল প্লাটফমে আসলে সকলের সুবিধা হবে, Serum Test করানো যেতে পারে। Dr. Farhan Ferdous Muksed বলেন, Routine Test সমূহ করানো যেতে পারে। নৌপরিবহন অধিদপ্তর হতে মেডিক্যাল টেস্টের জন্য ল্যাব নির্ধারণ করা যেতে পারে। তবে, ডাক্তারদের নিজস্ব ল্যাবে টেস্ট করালে সীফেয়ারারদের খরচ অনেক কমে যায়। X-Ray প্রতি ০২ বছর পর পর করানো যেতে পারে। Dr. Ariful Islam বলেন, মানসম্মত ল্যাব হতে মেডিক্যাল রিপোর্ট না করালে সঠিকভাবে মেডিক্যাল ফিটনেস সনদ প্রদান সম্ভব হয় না। নৌপরিবহন অধিদপ্তর হতে ল্যাব নির্ধারণ করে দেয়া যেতে পারে। Dr. Md. Asif Masud Chowdhury বলেন, সঠিক মেডিক্যাল রিপোর্ট পাওয়ার জন্য ভাল ল্যাব এবং দক্ষ টেকনিশিয়ান প্রয়োজন। তিনি আরও বলেন, ECG রিপোর্টে সন্দেহ থাকলে ETT করতে হবে। Dr. Md. Ayubur Rahman বলেন, সীফেয়ারারদের বয়স ৪০ এর বেশি হলে ETT করা যেতে পারে। Dr. Mesbah Uddin Ahmed বলেন, Drug Test, VDRL Test করা যেতে পারে। Dr. Md. Mizanur Rahman বলেন, VDRL, ECG Test এবং মেডিক্যাল রিপোর্টসমূহ উন্নতমানের ল্যাব থেকে করানো যেতে পারে। Dr. Mir Md. Raihan বলেন, জাহাজে সীফেয়ারারদের Heart Attack বড় সমস্যা। বয়স ৪৫ এর বেশি হলে ETT করা যেতে পারে। Dr. Sabrina Mostafa বলেন, সীফেয়ারাদের মেডিক্যাল রিপোর্টসমূহ ই-মেইল এর মাধ্যমে তাদের প্রেরণ করা যেতে পারে এবং ওয়েবসাইটে রেখে দিতে হবে, প্রয়োজনে নৌপরিবহন অধিদপ্তর দেখতে পারে। এ বিষয়ে Dr. Naushad Ahmed Khan বলেন, সীফেয়ারারদের মেডিক্যাল ফিটনেস এর ওয়েবসাইট এর মাধ্যমে রেজিস্ট্রেশন করানো যেতে পারে। এছাড়াও দক্ষ ও উপযুক্ত টেকনিশিয়ান এবং উন্নতমানের ল্যাব হতে মেডিক্যাল টেস্ট করালে ভাল ফলাফল পাওয়া যাবে। VDRL Report খারাপ থাকলে TPH টেস্ট করানো যেতে পারে। এছাড়াও সীফেয়ারারদের মেডিক্যাল টেস্ট করাতে যাতে বেশি খরচ না হয়, সে বিষয়টির দিকে নজর দিতে হবে।

৪। বাংলাদেশ মেরিনার্স সোসাইটি এর প্রতিনিধি বলেন, নৌপরিবহন অধিদপ্তর এর তালিকাভুক্ত ডাক্তারসমূহ সীফেয়ারাদের পোর্ট হেলথ সনদ প্রদান করে থাকে। ভালো মানের ল্যাব হতে মেডিক্যাল পরীক্ষাসমূহ করালে ডাক্তারদের পক্ষে ফিটনেস সনদ প্রদান করা সহজ হয়। আন্তজাতিক কনভেনশন মোতাবেক প্রয়োজনীয় সকল মেডিক্যাল পরীক্ষাসমূহ করিয়ে মেডিক্যাল ফিটনেস প্রদান করতে হবে। বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স এসোসিয়েশন এর প্রতিনিধি বলেন, ক্যাডেট, রেটিং এবং অফিসারদের পৃথক পৃথক মেডিক্যাল টেস্ট করানো যেতে পারে। ভালো মানের ল্যাব থেকে টেস্ট করালে সীফেয়ারাদের মেডিক্যাল ফিটনেস সনদ যথাযথ হবে, তবে সীফেয়ারারদের খরচ যাতে সাধ্যর মধ্যে থাকে সে বিষয়টি খেয়াল রাখতে হবে। এ বিষয়ে মেরিন ফিশারিজ একাডেমি এক্‌-ক্যাডেট এসোসিয়েশন এর প্রতিনিধি একমত পোষণ করেন।

৫। বাংলাদেশ সমুদ্রগ্রামী জাহাজ মালিক সমিতির প্রতিনিধি বলেন, সীফেয়ারারদের মেডিক্যাল ফিটনেস সনদ জারীর জন্য তালিকাভুক্ত ডাক্তারগণ ILO কনভেনশন অনুযায়ী মেডিক্যাল ফিটনেস সনদ প্রদান করতে হবে। সীফেয়ারারদের সুবিধাথে সার্কুলারসমূহ বাংলায় হলে ভালো হয়। কয়েকটি ল্যাব নির্ধারণ করা যেতে পারে। নিয়াজ মোর্শেদ বলেন, সীফেয়ারারদের মেডিক্যাল ফিটনেস সংক্রান্ত অনলাইন রেজিস্ট্রেশন Free of Cost করা যেতে পারে। মেডিক্যাল ফিটনেস সনদ ILO-IMO Guidelines অনুযায়ী করতে হবে। বাংলাদেশ সী-ফেয়ারার্স ইউনিয়ন এর প্রতিনিধি বলেন, চক্ষু বিশেষজ্ঞ ডাক্তার সনদ থাকার পরেও নৌপরিবহন অধিদপ্তর হতে পুনরায় চক্ষু (কালার ভিশন ও ল্যান্টার্ণ) পরীক্ষা গ্রহণ করা হয়। একবার চক্ষু বিশেষজ্ঞ কর্তৃক সনদ পাবার পর পুনরায় নৌপরিবহন অধিদপ্তর হতে পরীক্ষা গ্রহণ না করার বিষয়ে মহাপরিচালক মহোদয়ের দৃষ্টি আর্কষণ করেন। সীফেয়ারারদের মেডিক্যাল পরীক্ষাসমূহের খরচ জাহাজ মালিক/ম্যানিং এজেন্ট কর্তৃক বহন করলে ভালো হয়। এছাড়াও মেডিক্যাল ফিটনেসের বিষয়টি অনলাইনের মাধ্যমে সম্পন্ন করা যেতে পারে। এ বিষয়ে বিএসসি সীম্যান্স এসোসিয়েশন এর প্রতিনিধি একমত পোষণ করেন।

৬। নৌপরিবহন অধিদপ্তর এর ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার এন্ড এক্সামিনার জনাব ওবায়েদ উল্লাহ ইবনে বশির বলেন, জাহাজে যোগদানের পূর্বে জাহাজ মালিক/ম্যানিং এজেন্ট কর্তৃক সীফেয়ারাদের প্রয়োজনীয় মেডিক্যাল টেস্ট করানো হয়। বৃহৎ ম্যানিং এজেন্টসমূহ উন্নতমানের ল্যাব হতে মেডিক্যাল টেস্টসমূহ করায় ফলে সীফেয়ারাগণ সঠিকভাবে মেডিক্যাল ফিটনেস সনদ নিয়ে জাহাজে যোগদান করতে পারে। নৌপরিবহন অধিদপ্তর এর নটিক্যাল সার্ভেয়ার এন্ড এক্সামিনার ক্যাপ্টেন আবু সাঈদ মোহাম্মদ দেলোয়ার রহমান বলেন, কোম্পানী কর্তৃক করানো মেডিক্যাল টেস্টসমূহ

দিয়ে নৌপরিবহন অধিদপ্তর হতে তালিকাভুক্ত ডাক্তার দ্বারা পোর্ট হেলথ সনদ গ্রহন করতে পারে। এর ফলে সীফেয়ারারদের মেডিক্যাল ফিটনেস সংক্রান্ত খরচ কমে যাবে। উক্ত বিষয়ে নৌপরিবহন অধিদপ্তর এর চীফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার বলেন, নৌপরিবহন অধিদপ্তর হতে তালিকাভুক্ত ডাক্তারগণ STCW-2010 এবং MLC-2006 এর সংশ্লিষ্ট রেগুলেশন এবং ILO-IMO Guidelines অনুযায়ী সীফেয়ারাদের পোর্ট হেলফ মেডিক্যাল ফিটনেস সনদ প্রদান করে থাকে। সঠিকভাবে মেডিক্যাল পরীক্ষাসমূহ সম্পাদন করিয়ে মেডিক্যাল ফিটনেস সনদ জারী করতে হবে। এছাড়া ডিজিটালাইজেশন প্রক্রিয়ার মাধ্যমে মেডিক্যাল ফিটনেস সংক্রান্ত কাযাদি আরও সহজতর করা যেতে পারে।


৭। নৌপরিবহন অধিদপ্তর এর নটিক্যাল সার্ভেয়ার এন্ড এক্সামিনার ক্যাপ্টেন সাঈদ আহমেদ বলেন, নৌপরিবহন অধিদপ্তরে চক্ষু পরীক্ষায় কালার ব্লাইন্ড না হলে সাধারণত কাউকে ফেল করানো হয় না। তবে, চক্ষু ডাক্তারগণ তাদের রিপোর্টে সবসময় বিষয়টি উল্লেখ করেন না, এক্ষেত্রে চক্ষু ডাক্তারদের নৌপরিবহন অধিদপ্তর হতে তালিকাভুক্ত করার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। নৌপরিবহন অধিদপ্তর এর নটিক্যাল সার্ভেয়ার এন্ড এক্সামিনার ক্যাপ্টেন কাজী মুহাম্মদ আহসান বলেন, পৃথিবীর অন্যান্য মেরিটাইম দেশের মতো বাংলাদেশ একই নিয়মে চলতে হয় এবং নিয়ম অনুযায়ী পোর্ট হেলথ সনদের মেয়াদ সাধারণত ০২ বছর হয়ে থাকে।

৮। সকলের আলোচনা শেষে সভাপতি মহোদয় বলেন, জাহাজে যোগদানের পূর্বে জাহাজ মালিক/ম্যানিং এজেন্ট কর্তৃক সীফেয়ারাদের প্রয়োজনীয় মেডিক্যাল টেস্ট দিয়ে পোর্ট হেলথ সনদের ব্যবহার করলে সীফেয়ারাগণের মেডিক্যাল সংশ্লিষ্ট খরচ সাশ্রয় হবে। সীফেয়ারারদের মেডিক্যাল ফিটনেস আরও যথার্থভাবে প্রদানের জন্য বিরুলোবিন, VDRL, ECG খারাপ থাকলে ETT Test করানো যেতে পারে। এছাড়াও STCW কনভেনশন অনুযায়ী নৌপরিবহন অধিদপ্তর হতে চক্ষু (কালার ভিশন ও ল্যান্টার্ণ) পরীক্ষা গ্রহণ করা হবে।

সকলের আলোচনা শেষে সভায় নিম্মোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

১। সীফেয়ারারদের পোর্ট হেলথ মেডিক্যাল টেস্ট এ বিরুলোবিন, VDRL, ECG খারাপ থাকলে ETT Test সংযুক্ত করতে হবে।
২। জাহাজ মালিক/ম্যানিং এজেন্ট কর্তৃক মেডিক্যাল টেস্ট রিপোর্ট দিয়ে পোর্ট হেলথ মেডিক্যাল ফিটনেস সনদ প্রদান করা যাবে।
৩। নৌপরিবহন অধিদপ্তর হতে তালিকাভুক্ত ডাক্তারগণ চক্ষু পরীক্ষার সনদ প্রদান করতে পারবে।
৪। ডাক্তারদের নিজস্ব ওয়েবসাইটে সীফেয়ারারদের মেডিক্যাল ফিটনেস সনদের কপি সংরক্ষণ করতে হবে।
৫। MLC কনভেনশন অনুযায়ী পোর্ট হেলথ সনদের মেয়াদ ০২ বছর হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



কমডোর আবু জাফর মোঃ জালাল উদ্দিন.
(সি).পিসিজিএম. এনডিসি. পিএসসি. বিএন
মহাপরিচালক

স্মারক নম্বর: ১৮.১৭.০০০০.০২৫.১০.০০৬.২১.২২৬

তারিখ: ২৫ পৌষ ১৪২৮
০৯ জানুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) চীফ ইন্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার (ভারপ্রাপ্ত), চীফ ইন্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার এর অধিশাখা, নৌপরিবহন অধিদপ্তর
২) ইন্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার এন্ড এক্সামিনার, পরীক্ষা শাখা(ইঞ্জিনিয়ারিং), নৌপরিবহন অধিদপ্তর
৩) ইঞ্জিনিয়ার এণ্ড শিপ সার্ভেয়ার এণ্ড এক্সামিনার, পরীক্ষা শাখা(ইঞ্জিনিয়ারিং), নৌপরিবহন অধিদপ্তর
৪) ইঞ্জিনিয়ার এণ্ড শিপ সার্ভেয়ার এণ্ড এক্সামিনার, পরীক্ষা শাখা(ইঞ্জিনিয়ারিং), নৌপরিবহন অধিদপ্তর

৫) নটিক্যাল সার্ভেয়ার এন্ড এক্সামিনার, পরীক্ষা শাখা(নটিক্যাল), নৌপরিবহন অধিদপ্তর
৬) নটিক্যাল সার্ভেয়ার এন্ড এক্সামিনার, পরীক্ষা শাখা(নটিক্যাল), নৌপরিবহন অধিদপ্তর
৭) শিপিং মাস্টার, সরকারি সমুদ্র পরিবহন অফিস
৮) কো-অর্ডিনেটর , কোঅর্ডিনেটর শাখা, নৌপরিবহন অধিদপ্তর
৯) সভাপতি/মহাসচিব, বাংলাদেশ ওশান গোয়িং শীপ ওনার্স এসোসিয়েশন, , হাউজ নং-১১/বি (৪র্থ তলা), রোড নং-৩০, ব্লক নং-সি ডব্লিউ এস (এ), গুলশান-১, ঢাকা-১২১২।
১০) সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ শীপ ম্যানিং এজেন্টস এসোসিয়েশন,, দি হ্যাভেন (৫ম তলা), হোল্ডিং নং -১৩৩৫/এ, নিকুঞ্জ হাউজিং সোসাইটি, দক্ষিণ খুলসী, চট্টগ্রাম।
১১) সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স এসোসিয়েশন,, রোড নং-১, বল্ক-জি, হালিশহর আ/এ, চট্টগ্রাম।
১২) সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ মেরিনার্স সোসাইটি, , ন্যাম ভিলেজ, ফ্ল্যাট-৩/সি, বাড়ী- ০৬, রোড-০২, ঢাকা।
১৩) সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সী-ফেয়ারার্স ইউনিয়ন, , লাকী প্লাজা, ৫৩, আগ্রাবাদ, চট্টগ্রাম।
১৪) সভাপতি/সাধারণ সম্পাদক, মেরিন ফিশারিজ একাডেমি এক্স-ক্যাডেট এসোসিয়েশন, , ১১৫, সদরঘাট রোড, চট্টগ্রাম।
১৫) সভাপতি/সাধারণ সম্পাদক, বিএসসি সীম্যান্স এসোসিয়েশন,, বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
১৬) সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সীম্যান্স এসোসিয়েশন, , ৩৪, নূর চেম্বার (৩য় তলা), আগ্রাবাদ, চট্টগ্রাম।
১৭) Dr. Md. Mizanur Rahman, Anita Diagnostic Center, , , 480, DIT Road, Malibag, Dhaka.
১৮) Dr. Md. Asif Masud Chowdhury, Dhaka National Medical College & Hospital,, 53/1 Jhonson Road, Dhaka.
১৯) Dr. Mir Md. Raihan, Radical Hospitals Limited, 35 Shah Makhdum Avenue, , Sector 12, Uttara, Dhaka.
২০) Dr. Mohammad Saifuddin, C/o. New Popular Medical Services,, Ta-143 Maddaya Badda Highschool Road, Gulshan Badda Ling Road, Dhaka-1212.
২১) Dr. A. T. M. Anwarul Haque, C/O Marine Health Care Pvt. Ltd.Ka-196/1/B,, Tatultala, Khilkhet, Dhaka-1229.
২২) Dr. Mesbah Uddin Ahmed, Road # 4, House # 12,, Khulshi, 3rd Floor, Chattogram.
২৩) Dr. Md. Ayubur Rahman,, Saba Diagnostic Centre, Taher Chamber, 10 Agrabad C/A, Chattogram.
২৪) Dr. Ariful Islam, Medical Officer,College of Dentistry, , House 1, Road 1, Block-L,Lane-5, Halishahar H/E, Chattogram.
২৫) Dr. Sabrina Mostafa, , Idean Pathology, 122, Sk. Mujib Road, Agrabad,Chattagram.
২৬) Dr. Md. Rafiqul Islam, M/S Bablu Bappi, , 17/3, Bisic Market, Badamtali, Agrabad, Chattogram.
২৭) Dr. Habibur Rahman Khan, Taher Chamber,, 10, Agrabad C/A, Chattogram.
২৮) Dr. Farhan Ferdous Muksed, House : 03, Road: 06,, Block-G, Halishahar Housing Society, Baropul, Chattogram.
২৯) Dr. Naushad Ahmed Khan, Medical Director, AKS Khan Diagnostic Ltd,, Faruq Chamber (1st Floor), 1403, Sheikh Mujib Road, Chowmuhoni, Agrabad C/A, Chattogram.
৩০) ডা. শামছুন নাহার আক্তার, মেডিকেল অফিসার,, বাসা- আজিজ বিল্ডিং, মিস্ত্রি পাড়া, বন্দর-৪১০০, চট্টগ্রাম।
৩১) ডা. মো: তসলিম উদ্দিন চৌধুরী, , রিটেইনার মেডিকেল অফিসার, বিএসসি, চট্টগ্রাম।
৩২) ডা. শাহারিনা সুলতানা, , রিটেইনার মেডিকেল অফিসার, বিএসসি, চট্টগ্রাম।

কাজী মুহাম্মদ আহসান
নটিক্যাল সার্ভেয়ার এন্ড এক্সামিনার